

রাধারাণী দেবীর রচনা  
(রাধারাণী দত্ত/রাধারাণী দেবী/অপরাজিতা দেবী)

ক. কবিতা	প্রথম প্রকাশ
১. লীলাকমল	ফাল্গুন ১৩৩৬
২. সিঁথি মৌর	১৩৩৯
৩. বনবিহগী	১৩৩৯
৪. বৃকের বীণা	১৩৩৭
৫. আঙিনার ফুল	১৩৪০
৬. পুরবাসিনী	১৩৪২
৭. বিচিত্ররূপিণী	১৩৪৩
খ. অনুবাদ:	
১. মিলনের মন্ত্রমালা (হিন্দু বিবাহের সংস্কৃত মন্ত্রের বঙ্গানুবাদ)	১৩৫১
গ. গল্প এবং সমজাতীয় গদ্যরচনা:	
১. গল্পের আলপনা (গল্পসংকলন)	১৩৬২
ঘ. ভূমিকা/রচনা সংকলিত গ্রন্থ:	
১. কবি-পরিচিতি (রবীন্দ্রনাথ বিষয়ক রচনা সংগ্রহের 'ঘরে-বাইরে' — রাধারাণী দেবীর লেখা)	১৩৩৮
২. অষ্টমী (আটজনের লেখা উপন্যাস; একটি অধ্যায় রাধারাণী দেবীর লেখা)	১৩৪২
৩. রসচক্র (বারোয়ারি উপন্যাস; অন্যতম লেখিকা রাধারাণী দেবী লেখেন নবম পরিচ্ছেদ)	১৩৪৩
৪. শেষের পরিচয় (শরৎচন্দ্র চট্টোপাধ্যায়ের অসমাপ্ত উপন্যাসের শেষ দিকের ১৬-২৬ অধ্যায় লেখেন রাধারাণী দেবী)	১৩৪৬
৫. বসন্তের লিপি (এই কাব্য সংকলনটির ভূমিকা লেখেন রাধারাণী দেবী)	
ঙ. সংকলিত গ্রন্থ:	
১. কিশোর সাহিত্য — প্রথম ভাগ; দ্বিতীয় ভাগ; তৃতীয় ভাগ	১৩৪১
চ. নরেন্দ্র দেব ও রাধারাণী দেবী সম্পাদিত	
১. কাব্য-দীপালি	১৩৩৮
২. সোনার কাঠি	১৩৪৪
৩. কথা-শিল্প	১৩৫৩

ছ. প্রবন্ধ

১. শরৎচন্দ্র: মানুষ এবং শিল্প

১৯৭৬

জ. রচনাবলী ও শ্রেষ্ঠ কবিতা\*

১. রাধারাণী দেবীর রচনা সংকলন ১

১৯৯৯

২. রাধারাণী দেবীর রচনা সংকলন ২

২০০০

৩. রাধারাণী দেবীর শ্রেষ্ঠ কবিতা

২০০২

\* কবির মৃত্যুর পর প্রকাশিত

---

## রাধারাণী দেবী: জীবনপঞ্জী

- ১৯০৩ : কোচবিহারে জন্মগ্রহণ (৩০ নভেম্বর : ১৪ অগ্রহায়ণ, ১৩১১)  
পিতামাতার চৌদ্দ সন্তানের মধ্যে একাদশ।  
পিতামহ : হরিনাভি গ্রামের জমিদার-পঞ্চানন ঘোষ। পরে বেনিয়ান হন।  
পিতা : আশুতোষ ঘোষ (জন্ম আনুমানিক ১৮৬২)। কোচবিহারের ডেপুটি ম্যাজিস্ট্রেট ও কালেক্টর। পরবর্তীকালে ম্যাজিস্ট্রেট হন।  
মাতা : নারায়ণী, কলকাতা হাটখোলা দত্ত-পরিবারের মেয়ে।
- ১৯১৬ : ১৩ বছর বয়সে বিবাহ।  
পাত্র : সত্যেন্দ্রনাথ দত্ত। পেশায় ইলেকট্রিক্যাল এঞ্জিনিয়ার, রামপুর স্টেটে কাজ করতেন। বিবাহের বছরেই এশিয়াটিক ফ্লু রোগে আক্রান্ত হয়ে সত্যেন্দ্রনাথের মৃত্যু এবং ১৩ বছর বয়সে রাধারাণীর বৈধব্য-জীবনের শুরু। মামাশ্বশুর সুরেন্দ্রনাথ মল্লিকের সংসারে স্নেহপূর্ণ জীবনযাপন। সাহিত্যচর্চায় উৎসাহদান।
- ১৯২৭ : নরেন্দ্র দেবের একক সম্পাদনায় সুবিপুল কাব্য-সংগ্রহগ্রন্থ 'কাব্যে দীপালি' প্রকাশিত হয়। সম্পাদনা ও সংকলনে নরেন্দ্র দেবকে রাধারাণীর সক্রিয় সহযোগিতা দান।
- ১৯২৯ : প্রথম কবিতার বই 'লীলাকমল' প্রকাশিত (ফাল্গুন ১৩৩৬)  
১৯৩০ : অপরাজিতা দেবী নামে লিখিত তেরোটি কবিতার সংগ্রহ 'বুকের বীণা' প্রকাশিত।
- ১৯৩১ : কবি নরেন্দ্র দেবের সঙ্গে বিবাহ (৩১ মে : ১৭ জ্যেষ্ঠ, ১৩৩৮)।  
নরেন্দ্র দেবের সঙ্গে যুগ্মভাবে সম্পাদিত 'কাব্য-দীপালি'র-এর দ্বিতীয় সংস্করণ প্রকাশ।
- ১৯৩২ : চৌত্রিশটি মিলনবিষয়ক সনেট গ্রন্থ 'সীথি-মোর' প্রকাশিত।  
১৯৩৪ : দশটি কবিতার সংগ্রহ 'আঙিনার ফুল' কাব্যগ্রন্থ (অপরাজিতা দেবী নামে লিখিত) প্রকাশিত।
- ১৯৩৫ : আঠারোটি কবিতার সংগ্রহ 'পুরবাসিনী' কাব্যগ্রন্থ (অপরাজিতা দেবী নামে লিখিত) প্রকাশিত।
- ১৯৩৭ : নরেন্দ্র দেবের সঙ্গে যুগ্ম-সম্পাদনায় দেব সাহিত্য কুটির থেকে ছোটদের পূজাবার্ষিকী 'সোনার কাঠি' প্রকাশিত।  
অপরাজিতা দেবী নামে লিখিত চতুর্থ ও শেষ কবিতা সংকলন 'বিচিত্ররূপিনী' প্রকাশিত (তেরটি কবিতার সংকলন)।
- ১৯৩৮ : কন্যাসন্তানের জন্ম। রবীন্দ্রনাথ নাম দিলেন 'নবনীতা'। 'বনবিহগী'

- কাব্যগ্রন্থের প্রকাশ।
- ১৯৪৪ : বেদ, সংহিতা, মনুসংহিতা, প্রভৃতি থেকে সংকলিত হিন্দু বিবাহমন্ত্রের কাব্যানুবাদ 'মিলনের মন্ত্রমালা' প্রকাশিত।
- ১৯৪৬ : নরেন্দ্র দেবের সঙ্গে যুগ্ম সম্পাদনায় চোদ্দজন লেখক-লেখিকার গল্পসংগ্রহ 'কথাশিল্প' প্রকাশিত (আশ্বিন ১৩৫৩)।
- ১৯৪৮ : W.B.PEN - এর যুগ্ম-সম্পাদক নরেন্দ্র দেব ও রাধারাণী দেবী।
- ১৯৫০ : ইয়োরোপ-যাত্রা। PEN কন ফারেসে স্বামী-স্ত্রীর ভারতবর্ষের প্রতিনিধিত্ব। ছ'মাস পশ্চিম ইয়োরোপের নানা জায়গায় স-কন্যা ভ্রমণ।
- ১৯৫৫ : পূর্ব-ইয়োরোপ ও সোভিয়েত রাশিয়া ভ্রমণ। ফিনল্যান্ডের পীস-কংগ্রেসে ভারতীয় প্রতিনিধিদলের সঙ্গে নরেন্দ্র দেব ও রাধারাণী দেবীর যাত্রা। ঐ সময়ে হো-চি-মিন, আগাথা ক্রিস্টি, মিখাইল শলোকভ, ইলিয়া এরেনবুর্গ প্রভৃতির সঙ্গে তাঁদের ঘনিষ্ঠতা হয়। একুশটি কিশোরপাঠ্য গল্প-কাহিনীর সংকলন 'গল্পের আলপনা' প্রকাশিত (মহালয়া ১৩৬২)।
- ১৯৫৬ : ভুবনমোহিনী স্বর্ণপদকপ্রাপ্তি।
- ১৯৫৯ : কন্যার উচ্চশিক্ষার্থে বিদেশযাত্রা। কেমব্রিজে বিবাহের বাগদান, অর্মত্য সেনের সঙ্গে।
- ১৯৬০ : কন্যার বিবাহ।
- ১৯৭১ : কবি নরেন্দ্র দেবের তিরোধান (১৯ এপ্রিল)। রাধারাণী দেবীর পুনর্বৈধব্য। 'সাহিত্যতীর্থ' পত্রিকায় একগুচ্ছ বিরহবিষয়ক সনেট প্রকাশিত। বই হয়ে কখনো বেরোয়নি।
- ১৯৭৫ : শরৎচন্দ্র স্মারক বক্তৃতামালা, কলকাতা বিশ্ববিদ্যালয়। 'শরৎচন্দ্র: মানুষ এবং শিল্প' ধারাবাহিকভাবে 'দেশ' পত্রিকায় প্রকাশের পর ১৯৭৬-এ বই হয়ে বেরোয়।
- ১৯৭৬ : কন্যার বিবাহবিচ্ছেদ। রাধারাণীর শয্যাগ্রহণ।
- ১৯৮৩ : আশি বছরের জন্মোৎসব। 'ভালো-বাসা' বাড়িতে নক্ষত্র-সমাবেশ। 'তাকে লিখিত চিঠির থলে থেকে সামান্য এক গোছা তুলে নিয়ে' 'টুকরো চিঠি' প্রকাশিত (৩০ নভেম্বর: ১৪ অগ্রাহরণ, ১৩৯০)।
- ১৯৮৪ : নবনীতা দেবসেনের সম্পাদনায় 'অপরাজিতা-রচনাবলী' প্রকাশিত।
- ১৯৮৬ : রবীন্দ্রপুরস্কার প্রাপ্তি।
- ১৯৮৮ : নরেন্দ্র দেবের শতবর্ষ উদ্‌যাপন। 'ভালো-বাসা' বাড়িতে মহোৎসব। রাধারাণীর সানন্দ উপস্থিতিতে নক্ষত্র-সমাবেশ।
- ১৯৮৯ : ৮৬ বৎসর বয়সে তিরোধান (৯ সেপ্টেম্বর)। কন্যা নবনীতা, দুই দৌহিত্রী অন্তরা ও নন্দনাকে রেখে গেছেন। (রাধারাণী দেবীর রচনা সংকলন ১; পৃষ্ঠা ২৯,৩০ থেকে সৃষ্টিত।)

